গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

# উপজেলা প্রকৌশলীর কার্যালয়

## সৈয়দপুর, নীলফামারী

ue.sayedpur@lged.gov.bd www.lged.gov.bd

# সিটিজেন চার্টার CITIZEN CHARTER

**এলজিইডির মিশন:**
স্থানীয় অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি ও অকৃষি খাতে উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের পরিচালন ব্যবস্থা উন্নীতকরণ এবং স্থানীয় পর্যায়ে দারিদ্র্য বিমোচনে অনুঘটক হিসেবে কাজ করা।

**এলজিইডির ভিশন:**
এলজিইডি সরকারি সংস্থা হিসেবে পেশাদারিত্ব, দক্ষতা ও কার্যকরভাবে নিম্নোক্ত পরস্পরসম্পর্কীত ও সহায়ক কার্যক্রমসমূহ বাস্তবায়নে ভূমিকা পালন করবে: ১। সামাজিক ও পরিবেশগত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে জনগণ ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের অংশগ্রহণ নিশ্চিতকরণের মাধ্যমে পরিবহন, ব্যবসা-বাণিজ্য এবং ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনায় কাজ করা। ২। কারিগরি ও প্রাতিষ্ঠানিক সহায়তার মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা উন্নয়ন এবং স্থানীয় জনগোষ্ঠী ও অংশীজনদের সেবা প্রদান করা।

| প্রদেয় সেবা | সেবা গ্রহীতা | সেবা প্রাপ্তির জন্য করণীয় | মূল্য/ফি | কার্য সম্পাদনের সময়সীমা |
|---|---|---|---|---|
| পল্লী অঞ্চলে অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ | উপকারভোগী জনগণ / স্থানীয় সরকার প্রতিষ্ঠান সমূহ | স্বপ্রণোদিত / চাহিদার ভিত্তিতে আবেদন করলে। | বিনামূল্যে | যে কোন সময় |
| গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ | ঐ | বাস্তব অবস্থার পর্যবেক্ষণ করে/ স্বপ্রনোদিত ভাবে / আবেদনের ভিত্তিতে। | বিনামূল্যে | যে কোন সময় |
| কৃষি কাজে ভূউপরিস্থ ক্ষুদ্রাকার পানি সম্পদ ও টেকসই ব্যবস্থাপনার ক্ষেত্রে বিভিন্ন সমস্যার সমাধান | ঐ | গ্রামীণ এলাকায় অনূর্ধ্ব ১০০০ হেক্টর বা ২৫০০ একর জমিতে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে পানি সংক্রান্ড় যে কোন সমস্যায় সংশিষ্ট ইউনিয়ন পরিষদের মাধ্যমে অথবা সরাসরি আবেদন করতে পারেন। | বিনামূল্যে | সর্বোচ্চ ৬ মাস |
| ইউনিয়ন ও উপজেলা পরিষদকে কারিগরি সহায়তা প্রদান এবং ইউনিয়ন ও উপজেলা প্ল্যানবুক, ম্যাপিং ও সড়ক এবং সামাজিক অবকাঠামোর ডাটাবেজ প্রস্তুত করণ | ঐ | চাহিদা অনুযায়ী। | বিনামূল্যে | ৭ - ১৫ দিন |
| জনপ্রতিনিধি, উপকারভোগী, ঠিকাদার, চুক্তিবদ্ধ শ্রমিক দলসমূহের সংশিষ্ট উন্নয়ন কর্মকান্ডে প্রশিক্ষণ | ঐ | সরকারি কর্মসূচি অনুসারে। | প্রণোদনা সহ | যে কোন / নির্ধারিত সময় |
| জি আই এস ম্যাপ সরবরাহ | সরকারি/ বেসরকারি সংস্থা/ স্থানীয় সরকার প্রতিষ্ঠান | উন্নয়নমূলক কর্মকান্ডের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সুবিধার্থে অনুমোদিত ফি প্রদান করলে জেলা ও উপজেলা ম্যাপ সরবাহ করা হয়ে থাকে। | সরকার নির্ধারিত মূল্য | তাৎক্ষণিক |
| তথ্য অধিকার আইনের আলোকে এলজিইডি'র কর্মকান্ড সম্পর্কে তথ্য প্রদান | আইনানুগভাবে যোগ্য আবেদনকারী | কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান এর আবেদন। | ২.০০ টাকা | ১০ দিন |

অভিযোগ ও পরামর্শ জানানোর উপায়:
লিখিত কিংবা টেলিফোনের মাধ্যমে নিম্নলিখিত ঠিকানায় :

উপজেলা প্রকৌশলী, এলজিইডি,
ফোন : ০২৫৮৯৯৫৬৯১৩ ই-মেইল : ue.sayedpur@lged.gov.bd